

## কোটায় আবেদনকারীদের প্রয়োজনীয় কাগজপত্র ও যাচাই সংক্রান্ত

২০২৫-২৬ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত ২০টি বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে কোটার কাগজপত্র ভেরিফিকেশন কাজটি ০৯-১০ জুন ২০২৬ তারিখ প্রতিদিন বেলা ১১:০০টা হতে বিকাল ৩:০০টা পর্যন্ত GST গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয় (নওগাঁ বিশ্ববিদ্যালয় ব্যতীত)-এ একযোগে সম্পন্ন করা হবে। কোটায় আবেদনকারীদের নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় (MCQ পরীক্ষা) অংশগ্রহণ করেছে সেই বিশ্ববিদ্যালয়ে সশরীরে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে কোটা ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ভর্তি পরীক্ষায় (MCQ পরীক্ষা) অংশগ্রহণ করা কোটায় আবেদনকারীদের GST গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয় (নওগাঁ বিশ্ববিদ্যালয় ব্যতীত)-এর যে কোনো একটি বিশ্ববিদ্যালয়ে সশরীরে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে কোটা ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। অন্যথায় কোটার সুবিধা প্রদান করা কোনোভাবেই সম্ভব হবে না।

১. FFQ – মুক্তিযোদ্ধা (সন্তান) কোটা: মুক্তিযোদ্ধার মূল সনদ, আবেদনকারীর জন্মনিবন্ধন/NID।
২. PDQ - প্রতিবন্ধী বা বিশেষ চাহিদা সম্পন্ন কোটা: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মূল সার্টিফিকেট/সুবর্ণ নাগরিক কার্ড।
৩. SEQ - ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি কোটা: জেলা প্রশাসক বা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেট।
৪. BKSP – বিকেএসপি (খেলোয়াড়) কোটা: বিকেএসপি-এর মূল সনদ।
৫. HDQ – হরিজন ও দলিত কোটা: জেলা প্রশাসক/উপজেলা পরিষদ/নিজ সম্প্রদায় প্রদত্ত মূল সার্টিফিকেট।
৬. NTQ – নন-ট্রাইবাল (পার্বত্য চট্টগ্রামের স্থায়ী বাসিন্দা) কোটা: রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যে কোনো একটি বিশ্ববিদ্যালয়ে সশরীরে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে কোটা ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। NTQ কোটার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার মূল সনদ থাকতে হবে।
৭. WQ- পোষ্য কোটা: স্ব-স্ব বিশ্ববিদ্যালয় বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।